**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 19-07-2025** **Desk in Charge: SDG**
**Time: 7-35 AM** **Editor: Prabal B.**
**DEO : KB** **NR : Prabal B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রধানমন্ত্রী জানিয়েছেন, কেন্দ্র, অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে দেশের আইন মেনেই কঠোর ব্যবস্থা নেবে।

# দুর্গাপুরে রাজ্যের জন্য ৫' হাজার ৪০০ কোটি টাকারও বেশি মূল্যের একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস ও জাতির উদ্দেশে উৎসর্গ করেছেন প্রধানমন্ত্রী।

২/ ২০২১ সালে ভোট পরবর্তী হিংসায় বিজেপি কর্মী অভিজিৎ সরকার খুনের মামলায় নারকেল ডাঙার তৎকালীন ওসি সহ ৪ জনের, বিচারবিভাগীয় হেফাজতের নির্দেশ আদালতের।

৩/ ঝাড়গ্রামে হাতি মৃত্যুর ঘটনায় সরেজমিন তদন্তে রেল ও বনদপ্তরের যৌথ দল, আজ ঘটনাস্থল পরিদর্শনে যাবে।

৪/ জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া বিভিন্ন রাজ্যে ভূমিধস প্রবণ জেলাগুলিতে সতর্কবার্তা দেয়ার ব্যবস্থা চালু করবে।

৫/ মৌসুমী বায়ুর সক্রিয়তা ও বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকার কারণে উত্তরবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা দক্ষিণবঙ্গে বুধবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

*********************************************************************

২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গঠনের লক্ষ্যে পশ্চিমবঙ্গ প্রথম সারিতে থাকবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। দুর্গাপুরে তিনি ৫ হাজার ৪শো কোটি টাকার প্রকল্পের শিলান্যাস, উদ্বোধন এবং জাতির উদ্দ্যেশ্যে উৎসর্গ করেন। তিনি বলেন, এই সব প্রকল্প শুধুমাত্র বাংলার মানুষের জীবনযাত্রার গতিকে আরো মসৃণ করবে তাই নয়, রাজ্যের বিকাশকে ও আরো ত্বরান্বিত করবে। কেন্দ্রীয় সরকারের সক্রিয় হস্তক্ষেপে এ রাজ্যে রেলপথের দ্রুত বিস্তার ঘটছে। পাইপ বাহিত গ্যাস, বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার কাজ করছে সরকার। ১৩২ কিলোমিটার দীর্ঘ দুর্গাপুর-হলদিয়া প্রাকৃতিক গ্যাস পাইপলাইনটি উদ্বোধনের মাধ্যমে কলকাতা-নদীয়া, হাওড়া-হুগলী, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার ২৯ লক্ষের'ও বেশী গৃহস্থ উপকৃত হবেন এবং ৩৬৫ টি CNG স্টেশনে গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।

কেন্দ্রীয় সরকার, **অনুপ্রবেশ** সমস্যার সঙ্গে কোনোরকম আপোষ করবে না বলে প্রধানমন্ত্রী স্পষ্ট জানিয়েছেন। যারা ভারতের নাগরিক নন, অবৈধভাবে এদেশে প্রবেশ করেছেন তাদের বিরুদ্ধে সংবিধান অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার প্রক্রিয়া চালিয়ে যাওয়া হবে বলে ঘোষণা করেন তিনি। দুর্গাপুরে গতকাল বিজেপির 'বিজয় সংকল্প' সভায় শ্রী মোদী অনুপ্রবেশ ইস্যুতে রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করেন।

( বাইট- অনুপ্রবেশ )

তিনি আরও বলেন, বিজেপি এক সমৃদ্ধ ও বিকশিত পশ্চিমবঙ্গ বানাতে চায়। দেশের প্রথম শিল্পমন্ত্রী শ্যামাপ্রসাদ মুখার্জী, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডক্টর বি সি রায়, দ্বারকানাথ ঠাকুর, স্যার বীরেন মুখার্জী প্রত্যেককেই সংস্কারক হিসাবে বর্ণনা করে তিনি বলেন, তাঁদের উদ্যোগে এক সময় গোটা দেশের মানুষ কাজের জন্য এখানে আসতেন, কিন্তু এখন ছোট ছোট কাজের জন্য এখানকার মানুষকে বাইরে যেতে হয়।

পশ্চিমবঙ্গ এক সময়ে শিল্পক্ষেত্রে সামনের সারিতে থাকলেও অপশাসনের কারণে রাজ্যের যুবক যুবতীদের ভিন রাজ্যে কাজের সন্ধানে যেতে হচ্ছে বলে মন্তব্য করে শ্রী মোদী বলেন, রাজ্যে একের পর এক শিল্প প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাচ্ছে। তবে এই পরিস্থিতি থেকে রাজ্য বেরিয়ে আসতে চায় এবং সমগ্র বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে

চলতে গেলে এরাজ্যেও প্রযুক্তির অগ্রগতি অত্যন্ত প্রয়োজন বলে প্রধানমন্ত্রী অভিমত প্রকাশ করেন। তিনি বলেন, বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়া হয়েছে এবং এটি প্রেরণা ও পরম্পরার ঐতিহ্য বজায় রাখে।

প্রধানমন্ত্রী অভিযোগ করেন, রাজ্যে সিন্ডিকেটরাজ চলছে। সুরক্ষার অভাবে বিনিয়োগকারীরা এরাজ্য ছেড়ে চলে গেছে। প্রাথমিক শিক্ষা এবং উচ্চ শিক্ষা সব ক্ষেত্রেই দুর্নীতি ও অপরাধ থাকায় শিক্ষা ক্ষেত্রে বিপর্যয় নেমে এসেছে।

( বাইট- সিন্ডিকেটরাজ )

মুর্শিদাবাদের সামশেরগঞ্জের সাম্প্রতিক হিংসা, আরজিকরে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনাকে প্রধানমন্ত্রী রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির বেহাল অবস্থার নজির হিসেবে তুলে ধরেন। তৃণমূল কংগ্রেস তাদের নেতাকর্মীদের দুর্নীতি ও অত্যাচারের ছাড়পত্র দিয়ে রেখেছে বলে দাবি করেন তিনি। এই অবস্থার পরিবর্তনের জন্য আগামী বিধানসভা নির্বাচনে বিজেপিকে সরকার গঠনের সুযোগ করে দিতে প্রধানমন্ত্রী রাজ্যবাসীকে আহ্বান জানান।

( বাইট- আইনশৃঙ্খলা )

রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারকে উন্নয়নের পথে প্রধান অন্তরায় বলে দাবি করে প্রধানমন্ত্রী বলেন, বিকশিত ভারতের পাশাপাশি বিকশিত বাংলা গঠনের জন্য এই সরকারের অপসারণ প্রয়োজন। তিনি দাবি করেন, প্রতি ঘরে পানীয় জল, পাকা বাড়ি, আয়ুষ্মান ভারতের সুযোগ সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ত্রিপুরা, ওড়িশা আসামের মতো প্রতিবেশী রাজ্যগুলি উল্লেখযোগ্য সাফল্য পেলেও পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ মানুষ এখনো ওইসব প্রকল্পের সুযোগ থেকে বঞ্চিত। গরিব মানুষ থেকে আদিবাসী সকলকেই তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বঞ্চনার শিকার হচ্ছে।

************************

বাংলায় এসে বাংলাভাষীদের অপমান নিয়ে প্রধানমন্ত্রী নীরব কেন, নরেন্দ্র মোদীর সভার পর তৃণমূল কংগ্রেস এই প্রশ্ন তুলেছে।

কলকাতায় গতকাল সাংবাদিক সম্মেলনে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, ডবল ইঞ্জিন সরকারগুলি বাংলাভাষীদের অসম্মান করে চলেছে। চাপে পড়ে প্রধানমন্ত্রী বাংলায়

কথা বলছেন বলে দাবি করেন তিনি। তিনি বলেন, বাংলায় যা উন্নয়ন হচ্ছে তা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বেই হয়েছে।

অন্যদিকে, পশ্চিমবঙ্গে শিল্পে অবনয়নের জন্য সিপিআইএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, কেন্দ্র এবং রাজ্য সরকার উভয়কেই দোষারোপ করেছেন।

***********************

২০২১ সালের ভোট পরবর্তী হিংসায় খুন হওয়া বিজেপি কর্মী অভিজিৎ সরকারের মামলায় নারকেলডাঙা থানার প্রাক্তন ওসি, এডিশনাল ওসি ও তদন্তকারী আধিকারিক সহ মোট চারজনের জামিনের আবেদন খারিজ করলো নগর দায়রা আদালত। এরা হলেন, রত্না সরকার, দীপঙ্কর দেবনাথ, শুভজিৎ সেন, ও সুজাতা দে। ৩১ শে জুলাই পর্যন্ত এদের বিচারবিভাগীয় হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। এরা আদালতের নির্দেশ ছাড়া কলকাতা পুরসভার অঞ্চলে বাইরে যেতে পারবেনা বলেও বিচারপতির নির্দেশ।

পাশাপাশি ১২ই অগাস্ট এর মধ্যে বেলেঘাটার তৃণমূল বিধায়ক পরেশ পাল, কলকাতার দুই কাউন্সিলর স্বপন সমাদ্দার এবং পাপিয়া ঘোষকে সমন পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, পরেশ পাল সহ অন্য দুই তৃণমূল নেতাকে কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত ১ লা অগাস্ট পর্যন্ত নিম্ন আদালতে হাজিরা না দেওয়ার নির্দেশ দিয়েছেন।

***********************

ঝাড়গ্রামে, হাতির উপস্থিতি সম্পর্কে রেলকে আগাম বার্তা দেওয়া স্বত্তেও এই ধরনের দুর্ঘটনা কি করে ঘটে তা নিয়ে বিস্ময় প্রকাশ করেছেন রাজ্যের বনমন্ত্রী বীরবাহা হাঁসদা। আকাশবাণীকে তিনি বলেন, গত শুক্রবার রাত ১১ টার আগেই রেলকে আগাম সতর্কবার্তা দেওয়া হয়েছিল।

এদিকে, রাজ্য বন দপ্তরের তরফ থেকে যে অভিযোগ করা হয়েছে রেল তা খারিজ করে দিয়েছে। দুই শাবক সহ এক মা হাতির মৃত্যুর ঘটনায় দুঃখ প্রকাশ করে দক্ষিণ পূর্ব রেলের তরফে এক বিবৃতিতে, রাজ্য বন দপ্তরের দেওয়া বিবৃতি অবাস্তব ও

বিভ্রান্তিকর বলে বর্ণনা করে বলা হয়েছে হাতি চলাচল সম্পর্কে লিখিত বা মৌখিকভাবে রেলকে কিছু জানানো হয় নি।

আজ রেল ও রাজ্য বন দপ্তরের যৌথ দল এলাকা পরিদর্শন করবে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

***********************

'জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া', সারা দেশে ভূমিধ্বস প্রবণ এলাকাগুলিতে সতর্কবার্তা দেওয়ার ব্যবস্থা চালু করতে চলেছে। প্রতিবছরই একটি করে জেলায় এই ব্যবস্থা চালু করা হবে। এর ফলে ভূমিধসের মতো প্রাকৃতিক বিপর্যয়ে মানুষের জীবনহানি ও সম্পত্তির ক্ষয়ক্ষতি রোধ করা সম্ভব হবে।

কলকাতায় গতকাল সংস্থার ন্যাশনাল ল্যান্ডস্লাইড ফোরকাস্টিং সেন্টার বা জাতীয় ভূমিধস পূর্বাভাস কেন্দ্রের এক বছর পূর্তি উপলক্ষে এক অনুষ্ঠানে মহানির্দেশক অসিত সাহা জানিয়েছেন, ইতমধ্যেই পশ্চিমবঙ্গের দার্জিলিং ও কালিম্পং এবং তামিলনাড়ুর নীলগিরি এলাকায় সতর্কবার্তা দেওয়া চালু হয়েছে।

***********************

সেপ্টেম্বরের ৭ ও ১৪ তারিখ SSC-র শিক্ষক নিয়োগ পরীক্ষা হওয়ার সম্ভাবনা। SSC-র চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার, সম্ভাব্য সূচি জানিয়ে পরীক্ষাকেন্দ্রের জন্য স্কুল, কলেজ কর্তৃপক্ষকে চিঠি দিয়েছেন। ২১ তারিখ পর্যন্ত পরীক্ষার আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে।

পরীক্ষার ফল প্রকাশিত হবে অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে।

নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে। এখনো পর্যন্ত প্রায় ৬ লক্ষের বেশি আবেদন জমা পড়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে।

***********************

শহরের বিভিন্ন জায়গার ক্ষতিগ্রস্ত রাস্তা সারাই করার জন্য দু'সপ্তাহ নয় বরং ৫ দিনেই তা করা সম্ভব বলে জানিয়েছেন, কলকাতার মেয়র তথা রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম ।

গতকাল পুরভবনে সাংবাদিকদের তিনি বলেন, সম্প্রতি শহরের বেহাল রাস্তা সারাইয়ের জন্য উচ্চ আদালত, দু-সপ্তাহের সময়সীমা বরাদ্দ করে রাজ্যকে পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছে।

************************

মৌসুমী অক্ষরেখা রাজ্যের পুরুলিয়া ও কাঁথি হয়ে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত হয়েছে। মৌসুমী বায়ু সক্রিয় থাকায় এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় আগামী সোমবার পর্যন্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারি থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

দক্ষিণবঙ্গে আগামী বুধবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

এদিকে, আগামী ২৪ তারিখ উত্তর বঙ্গোপসাগরে আবারো একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর ।

*****************************************************************